SerenaMente

U Report by UNICEF

ভুল কথা

~~আপনার জন্মসূত্রের সংস্কৃতি এবং আপনি যে দেশে বাস করেন সেখানকার সংস্কৃতির মধ্য থেকে আপনাকে একটিকে বেছে নিতে হবে।~~

বাস্তবতা



আপনি নিজের মতো করে উভয় সংস্কৃতিরই অংশ হতে পারবেন।


#1

আপনার আসল পরিচয় কী?

আপনি যদি দুটি সংস্কৃতির মাঝে বেড়ে ওঠেন,তবে আপনার মাঝে মাঝে এমন মনে হতে পারে :

- এক জায়গার জন্য আপনি "বড্ড বেশি বিদেশি";
- অন্য জায়গার জন্য “খুব বেশি আলাদা”;
- কোন পক্ষে থাকবেন তা বেছে নেওয়ার জন্য চাপ দেওয়া হয়।

এর ফলে **আত্মপরিচয় নিয়ে সংকট** দেখা দিতে পারে।



#2

পরিবার, সমাজ, বন্ধু এবং ঐতিহ্য থেকে আসা প্রত্যাশার চাপ

কখনো কখনো প্রত্যাশাগুলো পরস্পরবিরোধী বলে মনে হতে পারে :

- নিজের মূল সংস্কৃতির ‘যথেষ্ট’ অংশ হওয়া;
- নতুন পরিবেশে পুরোপুরি মানিয়ে যাওয়া;
- কাউকে হতাশ না করা।



⚠️

কিন্তু সবাইকে খুশি করার চেষ্টা করতে গিয়ে মাঝে মাঝে আপনি নিজের আসল সত্তা থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে পারেন।

#3

আপনাকে নিজের একটিমাত্র অংশ বেছে নিতে হবে না

আপনার পরিচয় দুই ভাগে বিভক্ত নয়। এটি **বিভিন্ন স্থান থেকে আসা** ভাষা, স্মৃতি, মূল্যবোধ এবং **বিশ্বকে দেখার দৃষ্টিভঙ্গি** নিয়ে গঠিত একটি মিশ্রণ।

আপনি :

- একাধিক ভাষায় কথা বলতে এবং বিভিন্ন উপায়ে চিন্তা করতে পারেন;
- এমন কিছু মূল্যবোধ লালন করে যা আপাতদৃষ্টিতে বিপরীত মনে হলেও সেগুলোকে একীভূত করতে শিখেছেন;
- একাধিক স্থানে স্বাচ্ছন্দ্য বোধ করেন অথবা এমন একটি স্থান তৈরি করতে পারেন যা আপনার নিজের বলে মনে হবে।




#4 পরিবর্তনকে মেনে নেওয়াও নিজেকে খুঁজে পাওয়ার অর্থ হতে পারে।

ভিন্ন সংস্কৃতির মধ্যে বেড়ে ওঠা জটিল **হতে পারে। কখনো** কখনো আপনি বিভিন্ন জগতের মাঝে আটকা পড়েছেন বলে মনে হতে পারে এবং আপনার **মিশ্র অনুভূতি** হতে পারে যেমন :

- অপরাধবোধ;
- বিভ্রান্তি;
- রাগ;
- একাকীত্ব।



কিন্তু এই অভিজ্ঞতাগুলো **শক্তি ও আত্ম-সচেতনতার উৎসও হয়ে উঠতে পারে**, যা আপনার মাঝে নিম্নোক্ত বিষয়গুলো বিকশিত করতে সাহায্য করে :



- সহানুভূতি;
- খোলা মন;
- সহনশীলতা;
- মানুষের মধ্যে সেতুবন্ধন গড়ে তোলার ক্ষমতা।

#5

শুধু গ্রহণযোগ্যতা পাওয়ার জন্য নিজেকে হারিয়ে ফেলবেন না

দুটি জগতের মাঝে থাকাটাও এক প্রকারের শক্তি হতে পারে🤍

আপনাকে এটি প্রমাণ করতে হবে না যে কোনো সংস্কৃতির সঙ্গে আপনি ‘যথেষ্টভাবে’ খাপ খান। আপনার গল্প বর্তমানে যেমনটা আছে, সেটাই যথেষ্ট।

আপনার বয়স কি ১৪ থকে ২৪-এর মধ্যে এবং আপনি কি সহায়তা খুঁজছেন?

U-REPORT ON THE MOVE- এর মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন

@ureportonthemove_bot

U-Report app

U-Report On The Move

